

মুজিববর্ষের অঙ্গীকার,
নিরাপদ কর্মপরিবেশ
হোক সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা
পুরাতন শ্রম ভবন, ৪, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৪০.০১.২৬০০.০০০.১৬.০৫১.২০.৪৭২

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৮
১৩ জুলাই ২০২১

বিষয়: কারখানা ভবন সমূহে অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিগত ৮ ই জুলাই ২০২১ তারিখে নারায়নগঞ্জের রূপগঞ্জ হাসেম ফুড লিঃ এর ছয় তলা ভবনে এক ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। উক্ত প্রাণনাশী অগ্নিকাণ্ডে প্রায় ৫২ জন শ্রমিকের মৃত্যু হয় ও ব্যাপক ক্ষয়ক্ষতি সংঘটিত হয়েছে। এছাড়াও বিগত ২৭ শে জুন ২০২১ তারিখে ঢাকার মগবাজার ও ২৩ শে এপ্রিল, ২০২১ তারিখে পুরান ঢাকার আরমানিটোলায় রাসায়নিক পুদামে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এভাবে বিগত দুই বছরে চকবাজারের চুড়িহাটায় ও বনানীর এফ আর টাওয়ারেও ভয়াবহ অগ্নিকাণ্ডের ফলে ব্যাপক প্রাণনাশ ও ক্ষয়ক্ষতি সংঘটিত হয়েছে। বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় শ্রমিকদের জন্য নিরাপদ ও শোভন কর্মপরিবেশ বিদ্যিত হচ্ছে বলে নিশ্চিতভাবে প্রতীয়মান হয়। এ প্রেক্ষিতে কারখানার সামগ্রিক অগ্নি নিরাপত্তা ব্যবস্থা জরুরী ভিত্তিতে জোরদার করা প্রয়োজন। ছাদের চিলেকোঠার দরজা ও দুর্ঘটনাকালীন সময়ে জরুরী নির্গমন পথ বাধাহীন ও নির্বিঘ্ন রাখা, প্রয়োজনীয় সংখ্যক সিঁড়ির ব্যবস্থা, কার্যকর ফায়ার এলার্ম, কারখানায় নিয়মিত অগ্নি নির্বাপন মহড়া, শ্রমিকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান প্রভৃতি অবশ্যই কারখানায় আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে। পাশাপাশি ভবনের বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থা তথা সঠিক বৈদ্যুতিক ওয়্যারিং ও অভ্যন্তরীণ বৈদ্যুতিক সরঞ্জামাদি ও সংযোগসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ ও পরীক্ষা করতে হবে যাতে অনাকাঙ্ক্ষিত বৈদ্যুতিক শর্ট সার্কিট হতে অগ্নিকাণ্ডের সম্ভাবনা রোধ করা যায়।

এমতাবস্থায়, শ্রমিকদের নিরাপত্তা বিধানের জন্য উপরিলিখিত বিষয়সমূহ ও অন্যান্য দুর্ঘটনা প্রতিরোধ ব্যবস্থা আপনার কারখানায় আবশ্যিকভাবে নিশ্চিত করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩-৭-২০২১

এ কে এম সালাউদ্দিন
উপমহাপরিদর্শক

ফোন: ০২-৪১০৫০৪৮৫

ইমেইল: dig.dhaka@dife.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক

.....
.....
.....
.....

স্মারক নম্বর: ৪০.০১.২৬০০.০০০.১৬.০৫১.২০.৪৭২/১

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৮